ফার্মেসী বিভাগ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪, বাংলাদেশ।

**Department of Pharmacy**
Noakhali Science and Technology University
Noakhali-3814, Bangladesh.

# বিজ্ঞপ্তি

মে ২৬, ২০২৫

## ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ফার্মেসী বিভাগে পিএইচডি প্রোগ্রামে ভর্তি (জুলাই-ডিসেম্বর)

ফার্মেসী বিভাগে পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। প্রার্থীদেরকে সংশ্লিষ্ট বিভাগের শিক্ষকদের মধ্য থেকে তত্ত্বাবধায়ক নির্বাচন করে তাঁর/তাদের অধীনে এবং মাধ্যমে পিএইচডি গবেষণার আবেদন করতে হবে। নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (http://www.nstu.edu.bd) আবেদন ফরম ডাউনলোড করা যাবে। আবেদনপত্র লিখে বা টাইপ করে যথাযথভাবে পূরণ করে **আগামী ১৯.০৬.২০২৫ তারিখের** মধ্যে অফিস চলাকালীন সময়ের মধ্যে ফার্মেসী বিভাগের চেয়ারম্যান অফিসে জমা দিতে হবে। আবেদনপত্রের সাথে ভর্তি ফরমের ফি বাবদ জমাকৃত ১০০০/- (এক হাজার) টাকা জমা রশিদের মূলকপি, সকল পরীক্ষার নম্বরপত্রের ফটোকপি, সম্প্রতি তোলা ০১ কপি পাসপোর্ট সাইজের ছবি সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক/বিভাগীয় চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে এবং গবেষণার একটি রূপরেখা (Synopsis) জমা দিতে হবে। নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (https://nstu.edu.bd/acts_and_facts.html) থেকে পিএইচডি ভর্তির নীতিমালা ডাউনলোড করা যাবে।

১) ভর্তির শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতাঃ

ক) বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ও তালিকাভুক্ত বাংলাদেশের যে কোন বিশ্ববিদ্যালয় থেকে বিজ্ঞান/জীববিজ্ঞান বিষয়ে ৪(চার) বা ৫(পাঁচ) বছর মেয়াদী স্নাতক সম্মান ডিগ্রী এবং ন্যূনতম ১(এক) বছর মেয়াদী মাস্টার্স ডিগ্রী অথবা সংশ্লিষ্ট বিষয়ে এম.ফিল পাশ হতে হবে।

অথবা

বাংলাদেশ মঞ্জুরি কমিশন কর্তৃক স্বীকৃত বাংলাদেশের যে কোন বিশ্ববিদ্যালয় থেকে বিজ্ঞান অনুষদ/ফার্মেসী অনুষদ/জীব বিজ্ঞান অনুষদ/ প্রাণী বিজ্ঞান অনুষদের অধীন ফার্মেসী বিভাগ থেকে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী এবং ন্যূনতম ০১(এক) বছর মেয়াদী স্নাতকোত্তর ডিগ্রী। বিদেশের খ্যাতিমান বিশ্ববিদ্যালয় থেকে এম.ফিল বা মার্স্টার্স ডিগ্রী।

অথবা

দেশের যেকোনো স্বীকৃত মেডিকেল কলেজ বা মেডিকেল বিশ্ববিদ্যালয় থেকে ০৫(পাঁচ) বছর মেয়াদী এমবিবিএস ডিগ্রী।

এবং

শিক্ষা জীবনের সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণীসহ ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে। সিজিপিএ নিয়মে মাধ্যমিক/সমমান থেকে স্নাতকোত্তর পর্যন্ত সকল পরীক্ষায় সিজিপিএ ৫ এর মধ্যে ৩.৫০ অথবা সিজিপি ৪ এর মধ্যে ৩.০ থাকতে হবে।

খ) ০৩ (তিন) বছর মেয়াদী স্নাতক সম্মান ডিগ্রী এবং ০১(এক) বছর মেয়াদী স্নাতকোত্তর ডিগ্রী প্রাপ্তদের পিএইচডি প্রোগ্রামে রেজিস্ট্রেশনের ক্ষেত্রে নিম্নলিখিত শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা থাকতে হবে।

শিক্ষা জীবনের সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণীসহ ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে। সিজিপিএ নিয়মে মাধ্যমিক/সমমান থেকে স্নাতকোত্তর পর্যন্ত সকল পরীক্ষায় সিজিপিএ ৫ এর মধ্যে ৩.৫০ অথবা সিজিপিএ ৪ এর মধ্যে ৩.০ থাকতে হবে।

প্রার্থীদের স্নাতক পর্যায়ে কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠানে কমপক্ষে দুই বছরের অভিজ্ঞতা থাকতে হবে অথবা কোন স্বীকৃত মানের গবেষণা প্রতিষ্ঠানে কমপক্ষে দুই বছরের গবেষণা সংক্রান্ত কাজের অভিজ্ঞতা অথবা সরকারি/বেসরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্ত শাসিত প্রতিষ্ঠানে কমপক্ষে দুই বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে এবং স্বীকৃত মানের Peer-reviewed জার্নালে গবেষণা প্রকাশনা অগ্রাধিকার দেয়া হবে। বিদেশি ডিগ্রীর ক্ষেত্রে UGC কর্তৃক ডিগ্রীর সমতা সনদ প্রদান করতে হবে।

২) ভর্তি প্রক্রিয়াঃ

প্রার্থী কর্তৃক আবেদনপত্র যথাযথভাবে পূরণের পর ফার্মেসী বিভাগে জমা দিতে হবে। অতঃপর উক্ত ভর্তির আবেদন সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক, বিভাগের একাডেমিক কমিটি, বিভাগের পিএইচডি উপ-কমিটি ও অনুষদ এবং বোর্ড অব এডভান্সড স্টাডিজ সুপারিশ করলে একাডেমিক কাউন্সিল পিএইচডি প্রোগ্রামে ভর্তির বিষয়ে সিদ্ধান্ত প্রদান করবেন।

৩) মেয়াদঃ

পূর্ণকালীন সময়ের পিএইচডি গবেষকদের প্রোগ্রাম শুরুর দিন (ভর্তির সেমিস্টার শুরু থেকে) চূড়ান্ত মৌখিক পরীক্ষা (থিসিস ডিফেন্স) পর্যন্ত কমপক্ষে ৩ (তিন) বছর হবে। তবে, তত্ত্বাবধায়কের সম্মতিক্রমে আড়াই বছর (৫ সেমিস্টার) পর থিসিস জমা দিতে পারবেন। পিএইচডি প্রোগ্রামে ভর্তির অনুমতি পাওয়ার পর নির্ধারিত সময়ে ভর্তি ফি জমা না দিলে নিয়মানুযায়ী বিলম্ব ফি প্রদান করতে হবে। থিসিস জমা না হওয়া পর্যন্ত প্রতি বছর একই সময়ে রেজিস্ট্রেশন ফি জমা না দিলে নিয়মানুযায়ী ধার্যকৃত বিলম্ব ফি প্রদান করতে হবে।

৪) ছুটিঃ

চাকুরিরত ভর্তিচ্ছু প্রার্থীদের নিয়োগকর্তার নিকট থেকে কমপক্ষে ৩ (তিন) বছর ছুটি থাকতে হবে। এক্ষেত্রে একত্রে ৩(তিন) বছর অথবা একত্রে ২(দুই)বছর অথবা ১(এক) বছর করে ৩ বারে ৩ বছর ছুটি নিয়ে পিএইচডি প্রোগ্রাম শুরু করতে হবে।

প্রফেসর ড. আ ক ম শহীদ উদ দৌলা
চেয়ারম্যান, ফার্মেসী বিভাগ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪।

Phone:+88-0321-71483,Fax-:+88-0321-62788,E-mail:pharoffice.nstu@yahoo.com,Web site:www.nstu.edu.bd